

WE ARE YOUR DOL



Department
of Labor

শ্রম বিভাগে

আপনার পরিবেশবান্ধব শক্তির উৎস

জাস্ট এনার্জি ট্রানজিশনের অফিস

জাস্ট এনার্জি ট্রানজিশনের অফিস (OJET) দক্ষতা বাড়ানো এবং প্রশিক্ষণের মাধ্যমে জীবান্ন জ্বালানী খাত থেকে পরিবেশবান্ধব শক্তি শিল্পে মানসম্পন্ন চাকরি পেতে চাকরিপ্রার্থী এবং শ্রমিকদের সংযুক্ত করার জন্য প্রতিষ্ঠিত হয়েছিল, যার উদ্দেশ্য ছিল ঐতিহ্যগতভাবে পিছিয়ে পড়া গোষ্ঠী, বিশেষত সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের লোকদের সেবা করা। OJET ব্যবসায়িকভাবে তাদের কর্মীদের পরিবেশবান্ধব শক্তি প্রযুক্তিতে দক্ষতা বাড়াতে সাহায্য করবে এবং প্রশিক্ষিত কর্মীদের সঙ্গে সংযুক্ত করবে এছাড়াও, নিয়োগের সুবিধা এবং পাওয়া অর্থায়ন সম্পর্কে তাদের সঠিকভাবে বুঝতে সাহায্য করবে।

পরিবেশবান্ধব শক্তির ক্ষেত্রে চাকরির সুযোগ

পরিবেশবান্ধব শক্তি শিল্পে বিভিন্ন দক্ষতা সম্পন্ন মানুষের জন্য বিভিন্ন ধরনের কাজ এবং কেরিয়ারের বিকল্প রয়েছে। আপনার বর্তমান দক্ষতা বা অভিজ্ঞতা যদি নির্মাণ, প্রকল্প ব্যবস্থাপনা, উৎপাদন, অথবা আপনি যদি কর্মক্ষেত্রে নতুন হন, তাহলে এই শিল্পে আপনার কেরিয়ার শুরু করার বা উন্নত করার জন্য একটি সুযোগ থাকতে পারে।

কিছু চাকরির মধ্যে রয়েছে:

- সোলার (ইলেকট্রিশিয়ান, ইঞ্জিনিয়ার, বিক্রয়)
- অনশোর এবং অফশোর উইন্ড (উইন্ড টারবাইন প্রযুক্তি বিশেষজ্ঞ, ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার, ওয়েল্ডার)
- হিটিং এবং কুলিং (হিট পাম্প ইনস্টলার, জিওথারমাল ড্রিলার, জিওথারমাল লুপ ইনস্টলার)
- ইলেকট্রিক যান এবং চার্জিং (EV মেকানিক, EV চার্জিং স্টেশন রক্ষণাবেক্ষণ, ইলেকট্রিশিয়ান)
- ওয়েদারাইজেশন (বিক্রয় প্রতিনিধি, ইনসুলেশন ও এয়ার সিলিং প্রযুক্তি বিশেষজ্ঞ, বাল্টিং রক্ষণাবেক্ষণ কর্মী)
- এনার্জি অ্যাসেসমেন্টস (এনার্জি এফিসিয়েন্সি প্রযুক্তি বিশেষজ্ঞ, এনার্জি এফিসিয়েন্সি প্রোগ্রাম সহায়ক, বাল্টিং এনার্জি বিশ্লেষক)

আমাদের টেলো ড্যাশবোর্ডে বিভিন্ন চাকরি এবং সেগুলোর জন্য প্রয়োজনীয় দক্ষতা অনুসন্ধান করুন:

dol.ny.gov/exploring-occupations-green-topic

শিল্পে প্রবেশ করার উপায়

পরিবেশবান্ধব শক্তি শিল্পে আপনার আগ্রহ, দক্ষতা এবং চাকরির বিভিন্ন সুযোগ খুঁজে দেখার অনেক উপায় আছে।

পরিবেশবান্ধব শক্তিতে কর্মজীবনের ক্ষেত্রে কলেজ এবং ডিগ্রি ছাড়া শিক্ষানবিশ, চাকরির সময়ের প্রশিক্ষণ, প্রযুক্তিগত এবং সার্টিফিকেশন প্রশিক্ষণ থেকে শুরু করে কলেজ ডিগ্রি, সার্টিফিকেশন এবং মাইক্রো-ক্রেডেনশিয়ালের মতো ঐতিহ্যগত শিক্ষামূলক প্রোগ্রাম রয়েছে। শ্রেণিকক্ষ প্রশিক্ষণ, শিক্ষানবিশতা বা কর্মস্থল প্রশিক্ষণ আপনাকে পরিবেশবান্ধব শক্তি খাতে চাকরির জন্য প্রস্তুত করতে পারে।

আপনি যদি ইতিমধ্যেই একটি অনুরূপ পেশায় কাজ করছেন তবে পরিবেশবান্ধব শক্তির দিকে মনোনিবেশ করতে চান, আপনি সার্টিফিকেট সহ দক্ষতা বাড়াতে পারেন।

অর্থায়নের সুযোগ

2023-24 রাজ্য বাজেটে নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (NYPA) পরিবেশবান্ধব শক্তির কাজের উন্নয়নের জন্য প্রতি বছর \$25 মিলিয়ন পর্যন্ত সহায়তার প্রতিশ্রুতি দিয়েছে, যার বেশিরভাগ OJET দ্বারা পরিচালিত হবে। এই অর্থায়ন সুযোগে আগ্রহী প্রশিক্ষণ প্রদানকারীরা আমাদের ওয়েবসাইটে পাওয়া আগ্রহ ফর্মটি পূরণ করতে পারেন।

পরিবেশবান্ধব শক্তি ক্ষেত্রে চাকরি করতে আগ্রহী?

যদি আপনি পরিবেশবান্ধব শক্তির ক্ষেত্রে চাকরির জন্য প্রশিক্ষণে আগ্রহী হন, তাহলে স্থানীয় ক্যারিয়ার সেন্টারে গিয়ে প্রশিক্ষণের বিষয়ে জানার জন্য যোগাযোগ করতে পারেন।

আমাদের আসন্ন কার্যক্রম এবং ইভেন্ট সম্পর্কে আপডেট পেতে, অনুগ্রহ করে আমাদের মেইলিং তালিকায় সাইন আপ করুন:
dol.ny.gov/office-just-energy-transition-ojet

আরও জানতে স্ক্যান করুন!



নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগ একটি সমান সুযোগ প্রদানকারী নিয়োগকর্তা/কার্যক্রম।